দৈনিক ইত্তেফাক
05 FEB 2015

# অতিরিক্ত ফি ফেরত দিতে রায়পুরায় ৫৫টি শিক্ষা প্রতিষ্ঠানকে চিঠি

■ রায়পুরা (নরসিংদী) সংবাদদাতা

রায়পুরায় চলমান এসএসসি ও দাখিল পরীক্ষার নামে অতিরিক্ত আদায়কৃত ফি ফেরত দেয়ার জন্য মাধ্যমিক পর্যায়ের ৫৫টি শিক্ষা প্রতিষ্ঠানকে চিঠি দিয়েছেন উপজেলা মাধ্যমিক শিক্ষা অধিদপ্তর।

শিক্ষা অফিস সূত্রে জানা যায়, উপজেলায় মাধ্যমিক পর্যায়ে শিক্ষা প্রতিষ্ঠান রয়েছে ৫৫টি। এর মধ্যে মাধ্যমিক বিদ্যালয় ৪৪টি এবং দাখিল মাদ্রাসা রয়েছে ১১টি।

গত ২৮ জানুয়ারি সকল প্রতিষ্ঠানে চিঠি পৌঁছানো হয়েছে। এতে উল্লেখ রয়েছে, কোন শিক্ষা প্রতিষ্ঠান যদি সরকারের নির্ধারিত ফি'র চেয়ে অধিক টাকা আদায় করে থাকে, তাহলে চিঠিপ্রাপ্তির ৭ দিনের মধ্যে অতিরিক্ত আদায়কৃত টাকা ফেরত দিয়ে লিখিত আকারে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসে দাখিল করতে হবে। কিন্তু চিঠিপ্রাপ্তির ৪/৫ দিন পেরিয়ে গেলেও কোন প্রতিষ্ঠান মঙ্গলবার পর্যন্ত চিঠির উত্তর লিখিত আকারে পৌঁছেনি শিক্ষা অফিসে।

**৭ দিনের মধ্যে আদায়কৃত অতিরিক্ত টাকা ফেরত দিয়ে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসে প্রতিবেদন দিতে বলা হয়েছে।**

এ ব্যাপারে সহকারী উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা মো. আলতাফ হোসেন বলেন, উপজেলার প্রতিটি প্রতিষ্ঠানকে আদায়কৃত অতিরিক্ত ফির টাকা ফেরত দিতে চিঠি দেয়া হয়েছে। কিন্তু কোন চিঠির উত্তর লিখিত আকারে এখনও অফিসে জমা হয়নি।